নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৬২ ১০ ডিসেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ‘ফ্রম স্টুডেন্ট টু স্টেকহোল্ডার: দ্যা রোল অব অ্যালামনাই ইন ইনস্টিটিউশনাল সাকসেস’ শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে ‘ফ্রম স্টুডেন্ট টু স্টেকহোল্ডার: দ্যা রোল অব অ্যালামনাই ইন ইনস্টিটিউশনাল সাকসেস’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে আয়োজিত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে উপাচার্য বলেন, আমাদের সবার প্রচেষ্টায় অ্যালামনাই অ্যাসোসিয়েশন হয়েছে। এ জন্য আমরা আনন্দিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য এটি একটি আবেগের জায়গা। আমরা এ বিশ্ববিদ্যালয়কে যতোটা না আপন মনে করি আপনার তার চেয়েও বেশি আপন মনে করেন। অ্যালামনাইদের একটা বড় অংশ দেশে এবং বিদেশে প্রতিষ্ঠিত হবেন এবং তারা কোনো না কোনোভাবে এ বিশ্ববিদ্যালয়ের জন্য অবদান রাখবেন। আপনাদের দিক থেকে আমাদের যেমন কিছু পাওয়ার আছে ঠিক তেমনি আপনাদেরকে আমাদের কিছু প্রত্যাশা থাকলে আমরা তা দিতে প্রস্তুত।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক ও নোবিপ্রবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক ড. মো. শহিদ সারওয়ার। তিনি নোবিপ্রবি এলামনাই এসোসিয়েশনের গঠন ও কার্যাবলিসহ এলামনাইগণের ভূমিকা শীর্ষক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রশিক্ষণে কোর্স ডিরেক্টর ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪